**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যের উন্নয়ন ও বিকশিত ভারত কর্মসূচীর বাস্তবায়ন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন মুখ্যমন্ত্রী ।**

**(২) অষ্টাদশ লোকসভা গঠিত হবার পর সংসদে প্রথম অভিভাষন দিলেন রাষ্ট্রপতি ।**

**(৩) শিল্প ও বাণিজ্যমন্ত্রী বলেছেন, রাজ্যের অর্থনৈতিক বিকাশে রাজ্যের অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের বিকাশে বিশেষ নজর দেওয়া হয়েছে ।**

**(৪) আগামীকাল এডিসি-র একদিনের অধিবেশন অনুষ্ঠিত হবে ।**

**(৫) জাতীয় যোগাসন প্রতিযোগিতায় ত্রিপুরা চারটি স্বর্ণ সহ ১০টি পদক দখল করেছে ।**

**************************************************

**C.M–P.M :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নয়াদিল্লির সংসদ ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রীর হাতে পুষ্প স্তবক তুলে দেন। তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী হওয়ায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ত্রিপুরাবাসীর পক্ষ থেকে শুভেচ্ছা জানান। রাজ্যের উন্নয়ন ও বিকশিত ভারত কর্মসূচীর বাস্তবায়ন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর বিস্তারিত আলোচনা হয়। এদিকে, মুখ্যমন্ত্রী ডাঃ সাহা আজ নয়াদিল্লীস্থিত ত্রিপুরা ভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। তাছাড়া মুখ্যমন্ত্রী আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর সঙ্গেও এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন।

মুখ্যমন্ত্রী আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন।

**************************

**Panchayat Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের নির্ঘন্ট আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে ঘোষণার সম্ভাবনা রয়েছে। নির্বাচন হতে পারে আগস্ট মাসের প্রথম সপ্তাহে। তিনি জানান, পঞ্চায়েত নির্বাচনে মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৪ হাজার সাত জন। এরমধ্যে পুরুষ ভোটার ৬ লক্ষ ৫৮ হাজার ৫৮৯ জন। মহিলা ভোটার রয়েছে ৬ লক্ষ ৩৫ হাজার ৪৬০ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় পর্যন্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করার সুযোগ রয়েছে বলে তিনি জানান। রাজ্য নির্বাচন কমিশনার

আরো জানান, পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়নপত্র জমা দেবার কোন আইনী বিধান নেই। ফলে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র গ্রহণ করা সম্ভব হবে না। পঞ্চায়েত নির্বাচনে প্রার্থীদের নিরাপত্তা এবং শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য খুব শীঘ্রই রাজ্য পুলিশের মহা নির্দেশক এর সঙ্গে তিনি বৈঠক করবেন।

*******************************

**Book Fair-Kailashahar :**

ঊনকোটি জেলা প্রশাসন ও কৈলাশহর পুর পরিষদের যৌথ উদ্যোগে স্থানীয় ভগিনী নিবেদিতা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গনে আগামী ত্রিশে জুন থেকে শুরু হচ্ছে ষোড়শ কৈলাশহর বইমেলা। চলবে আগামী পাঁচ-ই জুলাই পর্যন্ত। আসন্ন বইমেলাকে সামনে রেখে আজ সকালে কৈলাশহরের মহকুমা শাসক কার্যালয়ে আহুত এক সাংবাদিক সম্মেলনে মেলার সার্বিক প্রস্তুতি নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, মহকুমা শাসক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া প্রমুখ। তাঁরা জানান, আগামী ত্রিশে জুন বিকালে এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। মেলা উপলক্ষে প্রতিদিন-ই থাকবে বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান, হবে স্থানীয় ও বাংলাদেশের কবিদের উপস্থিতিতে কবি সন্মেলন। মেলা উপলক্ষে থাকবে তেইশটি বিপনন স্টল। ক্রেতাদের জন্য থাকছে প্রতি বইয়ের উপর দশ শতাংশ ছাড়।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষন দেন। অষ্টাদশ লোকসভা গঠিত হবার পর এটি হলো সংসদে রাষ্ট্রপতির প্রথম অভিভাষন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দৃঢ়ভাবে বলেছেন, সাম্প্রতিক প্রশ্ন পত্র ফাঁসের ঘটনায় দোষীদের কঠোর শাস্তি নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, দল-রাজনীতির ঊর্ধ্বে উঠে এ ধরনের ঘটনা রোধে দেশব্যাপী দৃঢ় পদক্ষেপ গ্রহণ করা জরুরি। রাষ্ট্রপতি আরও বলেন, সরকার পরীক্ষা সংক্রান্ত সংস্থা, তাদের কার্যকারিতা এবং পরীক্ষা প্রক্রিয়ার সকল দিকগুলিতে বড় ধরনের সংস্কারের লক্ষ্যে কাজ করছে। সংসদও পরীক্ষায় অন্যায় পদ্ধতির বিরুদ্ধে কঠোর আইন করেছে। সংসদে যৌথ অধিবেশনে ভাষনে রাষ্ট্রপতি উত্তর-পূর্বের জন্য সরকারের গৃহীত উদ্যোগগুলি তুলে ধরেন। তিনি বলেন, এই অঞ্চলে স্থায়ী শান্তির জন্য সরকার কাজ করছে এবং গত দশ বছরে এই অঞ্চলের সাথে সম্পর্কিত বেশ কয়েকটি সমস্যার সমাধান করা হয়েছে।

রাষ্ট্রপতির অভিভাষনের মধ্য দিয়েই আজ শুরু হয় রাজ্যসভার অধিবেশন। চলে নতুন সদস্যদের শপথ গ্রহণ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সভায় মন্ত্রী পরিষদের সদস্যদের পরিচয় করান।

***************************

**Opposition criticizes President's address :**

বিরোধীরা আজ সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের সমালোচনা করেছে। সংসদের বাইরে সংবাদ মাধ্যমের সাথে কথা বলার সময়, কংগ্রেস সাংসদ তারিক আনোয়ার

বলেন, রাষ্ট্রপতির ভাষণে দারিদ্র্য, মুদ্রাস্ফীতি এবং বেকারত্ব সহ প্রকৃত সমস্যাগুলিকে উপেক্ষা করা হয়েছে। এতে শুধুমাত্র সরকারের সাফল্যের দিকগুলো তুলে ধরা হয়েছে।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব বলেন, সরকার বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি হওয়ার কথা বললেও, যেখানে ব্যাপক বেকারত্ব রয়েছে এবং কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে, যেখানে শুধুমাত্র কিছু নির্বাচিত লোক উপকৃত হচ্ছে। তিনি অগ্নিবীর প্রকল্প বাস্তবায়ন নিয়েও সরকারের সমালোচনা করেন।

***************************

**Biplab kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ নয়াদিল্লিতে সংসদে প্রদত্ত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষনের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেন, রাষ্ট্রপতির ভাষণে মুলত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গত দশ বছরের শাসন কালে দেশে বিভিন্ন অগ্রগতির কথাই উঠে এসেছে। বিপ্লব কুমার দেব বলেন,

########Byte########

******************************

**International MSME Day :**

শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, রাজ্যের অর্থনৈতিক বিকাশে রাজ্যের অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের বিকাশে বিশেষ নজর দেওয়া হয়েছে। আজ হাঁপানিয়া আন্তর্জাতিক প্রদর্শনী হলের অডিটোরিয়ামে আন্তর্জাতিক অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, রাজ্যে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশে রাজ্য ও

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পসমূহের সঠিক ও বিস্তৃত তথ্য সম্পর্কে এ সমস্ত শিল্পের সাথে সংশ্লিষ্টদের সচেতন করে তোলা হচ্ছে। উল্লেখ্য, রাজ্যে শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে এবং কেন্দ্রীয় সরকারের অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রকের রাজ্যস্থিত ডেভেলপমেন্ট অ্যান্ড ফ্যাসিলিটেশন সেন্টারের সহায়তায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে এখন পর্যন্ত এমএসএমই-র উদ্যম প্রকল্পে ৫৮ হাজার ৭৪৩টি শিল্প সংস্থা নথিভুক্ত রয়েছে। এরমধ্যে ৫৭ হাজার ৭২৫টি অতি ক্ষুদ্র, ৯৪৯টি ক্ষুদ্র এবং ৬৯টি মাঝারি শিল্প হিসেবে নথিভুক্ত রয়েছে।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি বলেন, পিএম বিশ্বকর্মা প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যে ১০ হাজার ৯৪৫ জনকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়ার অনুমোদন দেওয়া হয়েছে। এরমধ্যে ইতিমধ্যে ২,৭৫৪ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এই প্রকল্পে প্রশিক্ষণপ্রাপ্তদের ৫ শতাংশ সুদে প্রথম পর্যায়ে সর্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়। এখন পর্যন্ত রাজ্যের ৩৬ জন এই প্রকল্পে ঋণ পেয়েছেন।

****************************

**Maan Ki Baat :**

তৃতীয়বারের মত প্রধানমন্ত্রীর পদে দায়িত্বভার গ্রহণের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে জুন আকাশবানীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগণের সাথে মত বিনিময় করবেন। এটি হলো মন-কি-বাত অনুষ্ঠানের ১১১তম পর্ব। জনগণ মন কি বাতের জন্য ভাবনা-চিন্তা ও পরামর্শ টোল-ফ্রী ১৮০০-১১-৭৮০০ নম্বরে শেয়ার করতে পারেন। এছাড়া নরেন্দ্র মোদী

অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামে জমা দিতে পারেন। আগামীকাল পর্যন্ত এইসব পরামর্শ গ্রহণ করা হবে।

*****************************

**ADC Session :**

আগামীকাল ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের অধিবেশন অনুষ্ঠিত হবে। সকাল ১১টায় খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে বসবে এই অধিবেশন। এডিসি-র চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা এই অধিবেশন আহ্বান করেছেন।

********************************

**Press Meet-Bijay Kumar Hrangkhwal :**

তিপ্রা মথা রাজ্য সভাপতি বিজয় কুমার রাংখল আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে বিজেপি একাই প্রতিদ্বন্দ্বিতা করতে পারে। তিনি জানান, তিপরা মথা দলের পক্ষ থেকে আজ রাজ্য নির্বাচন কমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। এই ডেপুটেশনে অবিলম্বে ভিলেজ কাউন্সিল নির্বাচনের দাবি জানানো হয়। শ্রী রাংখল অভিযোগ করেন তিপরা মথা দলের সঙ্গে কেন্দ্র ও রাজ্য সরকারের সাথে যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল সেই চুক্তি অনুযায়ী কাজ করছে না রাজ্য সরকার। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন তিপরা মথা দলের নেতা মেবার কুমার জমাতিয়া, রাজেশ্বর দেববর্মা প্রমুখ।

**************************

**Press meet-CITU :**

সি আই টি ইউর রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন রাজ্যের চা বাগানগুলির জমি দখলের ষড়যন্ত্র চলছে। তিনি বলেন চা বাগানের জমি কেউ দখল করতে পারে না। কেবলমাত্র জাতীয় স্বার্থে জেলাশাসক নির্ধারিত নিয়ম মেনে জমি নিতে পারেন। চা বাগানের জমি বেআইনিভাবে দখলের চেষ্টার প্রতিবাদে আগামী পয়লা জুলাই সিটুর পক্ষ থেকে শ্রম দপ্তরে ডেপুটেশন দেয়া হবে। তাছাড়া আগামী চৌঠা জুলাই রাজ্যের পরিবহন শ্রমিকদের নানা সমস্যা নিয়েও ডেপুটেশন দেয়া হবে। সাংবাদিক সম্মেলনে সিটুর রাজ্য সভাপতি মানিক দে সম কাজে সমান মজুরি প্রদানের দাবি জানান। চুক্তিবদ্ধ কর্মীদের ন্যূনতম ২৬ হাজার টাকা বেতন প্রদানের ও দাবি জানান তিনি।

********************************

**Gift from Bangladesh :**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে উপহার হিসেবে আম, ইলিশ মাছ এবং রসগোল্লা পাঠিয়েছেন। আখাউড়া সীমান্ত বন্দরে আগরতলাস্থিত বাংলাদেশের সহকারী হাই কমিশনের প্রথম সচিব রেজাউল হক চৌধুরী এই উপহারগুলি গ্রহণ করেছেন। প্রথম সচিব জানান, বাংলাদেশের প্রধানমন্ত্রী পক্ষ থেকে উপহার হিসাবে পাঠানো হয়েছে প্রসিদ্ধ হাড়িভাঙ্গা আম ৪০০ কেজি, ৫০ কেজি ইলিশ মাছ এবং ৫০ কেজি রসগোল্লা। উল্লেখ্য, মুখ্যমন্ত্রী ডা: সাহা সম্প্রতি উপহার হিসেবে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ক্যুইন আনারস পাঠিয়েছিলেন।

*****************************

**Accident/Dead One :**

ঊনকোটি জেলার পেঁচারথল থানাধীন শান্তিপুরে আজ সকালে এক মোটর বাইক দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে। নিহতের নাম - মোহিত সরকার ওরফে সাগর, বয়স 24 বছর। এই ঘটনায় তার সঙ্গে থাকা নির্মল বিশ্বাস নামে 18 বছর বয়সী এক যুবক গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন।

**************************

**MLA Dipankar Sen**

বিধায়ক দীপংকর সেন আজ বিলোনিয়ায় দক্ষিন জেলা শিক্ষা আধিকারিকের সঙ্গে দেখা করে জেলায় ছাত্রসংখ্যা কম সহ কোন অজুহাতে কোন সরকারী স্কুল বন্ধ না করার দাবি জানান। কোন স্কুলে ছাত্রসংখ্যা কম থাকলে ভর্তি মেলা সহ স্থানীয় জন প্রতিনিধিদের সহায়তায় ছাত্র সংখ্যা বাড়ানোর উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন।

**************************

**"Waste to Wealth" seminar-Sepahijala :**

চন্দনমুড়া কৃষ্ণ কুমার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের উদ্যোগে ও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সহায়তায় আজ মেলাঘর টাউন হলে "বর্জ্য থেকে সম্পদ" বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনার উদ্বোধন করেন বিধায়ক কিশোর বর্মন।

**************************

**Food items send to Manipur :**

মনিপুরে শরণার্থী শিবিরে খাদ্য সামগ্রী দিল বিশ্ব মিথেই কাউন্সিল ত্রিপুরা শাখা। গতকাল শরণার্থী শিবিরে গিয়ে খাদ্য সামগ্রী তুলে দেন সংগঠনের ত্রিপুরা শাখার সম্পাদক মুতুম অমিত সিং সহ অন্যরা। শ্রী সিং মনিপুরে শান্তির পরিবেশ ফিরিয়ে আনার জন্য কেন্দ্র ও মনিপুর সরকারের প্রতি আহ্বান জানান।

***************************

**Yoga :**

মধ্যপ্রদেশের ইন্দোরে অনুষ্ঠিত জাতীয় যোগাসন প্রতিযোগিতায় ত্রিপুরা চারটি স্বর্ণ সহ ১০টি পদক দখল করেছে। ২৫ থেকে ২৭ জুন পর্যন্ত এই আসরে রাজ্য দলের পক্ষে মিনি ও সাব-জুনিয়র বালিকা বিভাগে স্বস্তিকা দাস, জুনিয়র বালিকা বিভাগে পরিণিতা রায় ও সিনিয়র বালক বিভাগে বিজয় পাল স্বর্ণপদক দখল করে। সাব-জুনিয়র বালিকা বিভাগে কৃতিকা দত্ত, সাব-জুনিয়র বালিকা দলগত বিভাগে মিথি দেবনাথ, অঙ্কিতা দেবনাথ, রেশমি সেন, তৃষা চৌধুরী, ও তুহিনা মহাজন, জুনিয়র বালক দলগত বিভাগে শুভদীপ ভৌমিক, ময়ান দেবনাথ, দেবজিৎ পাল, অভ্রনীল সাহা, শ্রীকান্ত দাস এবং সিনিয়র বালিকা দলগত বিভাগে পূজা সাহা, সুস্মিতা দেবনাথ, তৃষা দাস, ধারা সূত্রধর ও পূর্ণিমা দাস রৌপ্য পদক পায়। এছাড়া দুটি ব্রোঞ্জ পদক পায় মিনি বালক বিভাগে দিশান্ত সেন ও জুনিয়র বালিকা বিভাগে ধৃতি দেবনাথ। ত্রিপুরা যোগাসন স্পোর্টস অ্যাসোসিয়েশনের ৩১ সদস্য রাজ্যদল এই আসরে অংশ নিয়েছিল।

****************************